

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৯৭

১০. স্বপ্ন অধ্যায় (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ ১৩. স্বপ্নে জামা, কৃপ, দুধ, মধু, ঘি, খেজুর ও অন্যান্য জিনিস দেখা

بَابِ فِي الْقُمْصِ وَالْبِرِّ وَاللَّبَنِ وَالْعَسَلِ وَالسَّمْنِ وَالْتَّمْرِ وَغَيْرِ ذَلِكَ فِي النَّوْمِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ بَرِيدَ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى عَنْ
 النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَأَيْتُ فِي رُؤْيَايَ هَذِهِ أَنِّي هَزَّتُ سِيفًا فَانْقَطَعَ صَدْرُهُ
 فَإِذَا هُوَ مَا أُصِيبَ مِنْ الْمُؤْمِنِينَ يَوْمَ أُحْدٍ ثُمَّ هَزَّتُهُ أُخْرَى فَعَادَ كَاحْسَنَ مَا كَانَ فَإِذَا
 هُوَ مَا جَاءَ اللَّهُ بِهِ مِنْ الْفَتْحِ وَاجْتِمَاعِ الْمُؤْمِنِينَ وَرَأَيْتُ فِيهَا أَيْضًا بَقَرًا وَاللَّهُ خَيْرٌ فَإِذَا
 هُوَ النَّفَرُ مِنْ الْمُؤْمِنِينَ يَوْمَ أُحْدٍ وَإِذَا الْخَيْرُ مَا جَاءَ اللَّهُ بِهِ مِنْ الْخَيْرِ وَثَوَابُ الصِّدْقِ
 الَّذِي أَتَانَا بَعْدَ يَوْمِ بَدْرٍ

বাংলা

২১৯৭. আবু মুসা রাদিয়ান্নাহু আনছে হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি স্বপ্নে দেখলাম যে আমি একটি তলোয়ার হাতে নিয়ে নাড়াচাড়া করছি। হঠাৎ তার মাঝখানে ভেঙ্গে গেল। উভদ যুদ্ধের দিন মুসলিমদের যে বিপদ ঘটেছিল এটা তা-ই। অতঃপর দ্বিতীয় বার তলোয়ারটি হাতে নিয়ে নাড়াচাড়া করলাম তখন সেটি আগের চেয়েও আরো উত্তম হয়ে গেল। এটা হল এই যে, আল্লাহ্ বিজয় দান করলেন এবং মুসলিমগণকে একত্রিত করে দিলেন। আমি স্বপ্নে আরো দেখতে পেলাম, একটি গরু (যবহ হচ্ছে) এবং শুনতে পেলাম আল্লাহ্ যা করেন সবই ভাল। এটাই হল উভদ যুদ্ধের দিন একদল মু'মিনের (শাহাদাত বরণ)। আর 'খয়ের' বা কল্যাণ হল-আল্লাহর পক্ষ হতে ঐ সকল কল্যাণই কল্যাণ এবং সত্যবাদিতার পুরক্ষার যা আল্লাহ্ আমাদেরকে 'বাদার' যুদ্ধের পর দান করেছেন।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, মানাকিব ৩৬২২; মুসলিম, রুহিয়া ২২৭২;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭২৯৮; সহীহ ইবনু হিবান নং ৬২৭৫, ৬২৭৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিগতিক্রিয়া

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু মূসা আল-আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82480>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন